সমকাল

0 5 FEB 2015



পিরোজপুরের কাউখালীতে মঙ্গলবার রাতে দুর্বৃত্তদের দেওয়া আগুনে পুড়ে গেছে স্কুলের আসবাবপত্র — সমকাল

# কাউখালীতে দুর্বৃত্তের আগুনে পুড়ল স্কুল

■ পিরোজপুর ও স্বরূপকাঠি প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে দুর্বৃত্তদের দেওয়া আগুনে একটি প্রাথমিক বিদ্যালয় পুড়ে গেছে। মঙ্গলবার রাতে উপজেলার শিয়ালকাঠি ইউনিয়নের দক্ষিণ-পূর্ব জোলাগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। আগুনে সেমিপাকা স্কুল ভবনের ছাউনি, লাইব্রেরি রুম, শ্রেণীকক্ষের বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্র সম্পূর্ণ পুড়ে গেছে। হরতাল ও অবরোধে আতঙ্ক ছড়াতে দুর্বৃত্তরা ওই স্কুলে রাতে আগুন দিয়েছে বলে উপজেলা প্রশাসন ধারণা করছে।

থানা ও স্থানীয়দের সূত্রে জানা গেছে, স্কুলের আশপাশে কোনো মানুষের বসতি বা বাড়ি-ঘর না থাকায় আগুন লাগার বিষয়ে ওই রাতে গ্রামবাসী কেউ বুঝতে পারেনি। এতে তাৎক্ষণিকভাবে আগুন নেভানোর জন্য কেউ এগিয়ে আসেনি।

গতকাল বুধবার সকাল আটটার দিকে ওই স্কুলের তৃতীয় শ্রেণীর এক ছাত্র স্কুলের কাছে গিয়ে বিদ্যালয়টি আগুনে পুড়তে দেখে শিক্ষকদের খবর দেয়। পরে শিক্ষক ও গ্রামবাসী প্রশাসনে খবর দেয়।

বিদ্যালয়ে আগুনের খবর পেয়ে কাউখালী উপজেলা চেয়ারম্যান এসএম আহসান কবীর, ইউএনও মো. শহীদুল ইসলাম, সহকারী পুলিশ সুপার মো. আবদুল কাদের বেগ, পিরোজপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আমিনুল ইসলাম, থানার ওসি (তদন্ত) মো. ফজলুর রহমান ও উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

কাউখালী ইউএনও মো. শহীদুল ইসলাম জানান, বিদ্যালয়টির আশপাশে মানুষের বসতি না থাকায় দুর্বৃত্তরা নির্বিঘ্নে আগুন লাগিয়েছে। বিদ্যালয়টিতে কোনো বিদ্যুৎ সংযোগ কিংবা অন্য কোনো আগুনের উৎস না থাকায় এটা নিশ্চিত যে, এটি নাশকতার আগুন।

কাউখালী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম জানান, স্কুল যেভাবে পুড়ে গেছে তাতে কাল থেকে সেখানে পাঠদান সম্ভব হবে না।